জাতীয় সড়ক অবরোধ গ্রামবাসীদের। (ডানদিকে) রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ। ছবি ঃ ইন্দ্রজিৎ রায়

রিজার্ভ ব্যাংককে কেন্দ্রের চাপ, তোপ অমিতের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ নভেম্বর ঃ নোটবন্দি ঘোষণার কালো দিনের পর এবার আরবিআই–এর উপরও ৩.৬ লক্ষ কোটি টাকার জন্য চাপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার। রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র বৃহস্পতিবার এই অভিযোগ করেন। এদিন নোটবন্দির দু–বছর পূর্তি উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সহ দেশব্যাপী বিরোধী নেতারা সমালোচনায় সরব হয়েছেন। রাজ্যের অর্থ তথা শিল্পমন্ত্রী নোটবন্দির তীব্র সমালোচনা করে বলেন, নোটবন্দির ফলে দেশের লক্ষ লক্ষ অসংগঠিত ক্ষেত্রের কয়েক কোটি উদ্যোগপতি ক্ষতিগ্রস্ত হয়েছেন। সেই কালো দিনটির কথা স্মরণ করে সারা দেশ জানতে চায়, কার সুবিধার জন্য কেন্দ্র এমন হঠকারী সিদ্ধান্ত নিয়েছিল? আমজনতা মনে করে, এই অশুভ প্রকল্পের মাধ্যমে দু–বছর আগে একটি বড়ো দুর্নীতি চরিতার্থ করা হয়। আসন্ন লোকসভা নির্বাচনের আগে নোটবন্দি নিয়ে বিরোধী নেতারা যেভাবে খড়্গহস্ত হয়েছেন, তাতে বিব্রত গেরুয়া শিবির। এই ঘটনার পর কেন্দ্রীয় সরকার এবার ৩.৬ লক্ষ কোটি টাকার জন্য আরবিআই–এর উপর চাপ দিচ্ছে বলে তোপ দাগেন অর্থমন্ত্রী। তিনি বলেন, কয়েকজন মাত্র শিল্পপতির স্বার্থে যদি ৭ নম্বর ধারা ব্যবহার করে আরবিআই–কে এই টাকা দিতে বাধ্য করা হয়, তবে এই বিপুল পরিমাণ টাকা কি আর একটি দুর্নীতির জন্ম দেবে না বলে তিনি প্রশ্ন তোলেন।

ক্ষোভের সঙ্গে অমিতবাবু বলেন, নোট বাতিলের ফলে লক্ষ লক্ষ কোটি টাকার ক্ষতি হয়েছে। ধস নেমেছে জিডিপিতে। দেশের রাজস্ব ঘাটতি সীমা ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। জিএসটি আদায়, কর্মসংস্থান কমেছে, বেড়েছে কৃষকদের আত্মহত্যা। রপ্তানির বৃদ্ধি কমায় ছোটো ব্যবসায়ীরা প্রচণ্ড ক্ষতিগ্রস্ত হয়েছেন, অসংগঠিত ক্ষেত্রে বিপুল ক্ষতি হয়েছে, যা এই দেশের অগণিত মানুষের রোজগারের মূল উৎস।

অমিতবাবু বলেন, আরবিআই–এর তথ্য অনুযায়ী এই সরকারের আমলে ব্যাংকে প্রচুর কারচুপি হয়েছে। নীরব মোদি ও অন্যরা তো হিমশৈলের চূড়ামাত্র বলে তিনি মন্তব্য করেন। নোট বাতিলের ফলে কয়েক লক্ষ কোটি টাকা সাদা টাকায় পরিণত হয়, যা দেশের অন্যতম বড়ো দুর্নীতি। বিজেপির নাম না করে অমিত মিত্র বলেন, যে রাজনৈতিক দল দু–বছর আগে এই তুঘলকি সিদ্ধান্ত নিয়েছিল ও পরপরই হঠকারী জিএসটি চালু করেছিল, তার বিরুদ্ধে দেশব্যাপী সকলে ঐক্যবদ্ধ হবেন। তিনি নিশ্চিত যে শুভবুদ্ধির উদয় হবে।

অন্যদিকে, লোকসভা ভোটের কয়েকমাস আগে রিজার্ভ ব্যাংকের কাছে কেন্দ্রের এক লক্ষ কোটি টাকা দাবি করা নিয়ে প্রশ্ন তুললেন কংগ্রেস নেতা প্রাক্তন অর্থমন্ত্রী পি চিদম্বরম। এদিন তিনি কলকাতায় দু–বছর আগে নোট বাতিল সহ আর্থিক ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ব্যর্থতাকে তীব্র ভাষায় আক্রমণ করেন। তিনি জানালেন, আসন্ন লোকসভা নির্বাচনে কেন্দ্রীয়ভাবে কোনো বিজেপি–বিরোধী জোট নয়। কর্ণাটকের উপনির্বাচনের ফলাফলের কথা মাথায় রেখেই রাজ্যভিত্তিক জোট গড়তে চায় কংগ্রেস। তবে এই রাজ্যে বাম না তৃণমূল, কার সঙ্গে কংগ্রেস নির্বাচনি গাঁটছড়া বাঁধবে তা নিয়ে যা সিদ্ধান্ত নেওয়ার তা নেবে এআইসিসি। বৃহস্পতিবার কলকাতায় এসে প্রদেশ কংগ্রেস দপ্তরে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে ওই কথা বলেন প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরম।

তিনি অভিযোগ তোলেন, রাজস্ব ঘাটতিতে ভুগছে কেন্দ্রীয় সরকার। জিএসটিতে যত আয় হওয়ার আশা ব্যক্ত করা হয়েছিল তা হয়নি। ফলে রাজস্ব ঘাটতি পূরণ হয়নি। অপরদিকে, আসন্ন লোকসভা নির্বাচনের ব্যয় জোগাড় করতে হিমসিম খাচ্ছে সরকার। সেই কারণেই রিজার্ভ ব্যাংকে গচ্ছিত থাকা অর্থের থেকে ১ লক্ষ কোটি টাকা চেয়েছে সরকার। রিজার্ভ ব্যাংকের গভর্নর সরকারের সেই অনুরোধ রক্ষা করতে অপারগ বলে জানাতেই কেন্দ্রীয় সরকার রিজার্ভ ব্যাংকের আইনের ৭ নম্বর ধারা প্রয়োগ করে পদক্ষেপ করতে চলেছে। কিন্তু রিজার্ভ ব্যাংকের গভর্নরও তাঁর সিদ্ধান্তে অটল। এর ফলে গভর্নরের কাছে দুটি পথ খোলা রয়েছে। একটি সরকারের চাহিদা অনুযায়ী টাকা দেওয়া, অপরটি পদত্যাগ করা। তাঁর মতে, রিজার্ভ ব্যাংকের গভর্নর যে সিদ্ধান্তই নিক না কেন, তাতে মুখ পুড়বে কেন্দ্রীয় সরকারের। সরকারের বিশ্বাসযোগ্যতা আঘাতপ্রাপ্ত হবে। ১৯ নভেম্বর রিজার্ভ ব্যাংকের গুরুত্বপূর্ণ বৈঠকে বিষয়টি নিয়ে ফয়সালা হবে বলে তিনি মনে করেন।

নোটবন্দির দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে কেন্দ্রীয় সরকারের প্রতি বিষোদ্গার করে তিনি বলেন, নোটবন্দির জেরে দেশের আর্থিক অবস্থার কোনো উন্নতি হয়নি, বরং আর্থিক নয়ছয় ঘটানো হয়েছে। লক্ষ লক্ষ মানুষ বেকার হয়েছেন। মারা গিয়েছেন শতাধিক ব্যক্তি। তিনি অভিযোগ তোলেন, যে সমস্ত শর্ত আরোপ করে বিজেপি ক্ষমতায় আসে তা রূপায়ণে ব্যর্থ হয়েছেন প্রধানমন্ত্রী। নেই কর্মসংস্থানের সুযোগ, বাড়েনি বিনিয়োগ। উন্নয়নের চিহ্ন দেখা যায়নি। হিন্দুত্ববাদের কর্মসূচি পাথেয় করে নির্বাচনে লড়তে চায় বিজেপি। বিধানসভার আসন্ন নির্বাচনে রাজস্থান, ছত্তিশগড় ও মধ্যপ্রদেশে বিজেপি বিপর্যস্ত হলে তার প্রভাব ২০১৯–এর লোকসভা ভোটে পড়বে বলেই মত রাজনৈতিক ওয়াকিবহাল মহলের। এই তিন রাজ্যে কংগ্রেসের নেতৃত্বেই সরকার গঠিত হবে বলে বৃহস্পতিবার জোরের সঙ্গে জানালেন পি চিদম্বরম।

দুই কালীমন্দির থেকে ১০০ ভরি গয়না চুরি, জাতীয় সড়ক অবরোধ

সিউড়ি ও দুবরাজপুর, ৮ নভেম্বর ঃ কালীপুজোর পরের রাতেই গ্রামের দুই কালীমন্দির থেকে মায়ের প্রায় ১০০ ভরি সোনার গয়না ও টাকা সহ প্রণামি বাক্স চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনার প্রতিবাদে পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখানো হয় ও টায়ার জ্বালিয়ে জাতীয় সড়ক অবরোধ করেন গ্রামবাসীরা। বুধবার মধ্যরাতে ঘটনাটি ঘটে বীরভূমের সদাইপুর থানার চিনপাই গ্রামে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, চিনপাই গ্রামে 'বড় মা' এবং 'ছোট মা' নামে দুটি সিদ্ধেশ্বরী কালীমন্দির আছে। বৃহস্পতিবার ভোরবেলা গ্রামের কিছু লোক প্রথমে বড় কালীমন্দিরে প্রণাম করতে গিয়ে দেখেন মন্দিরের তালা ভাঙা। ভেতরে ঢুকে দেখতে পান মায়ের সোনার গয়না উধাও। এই প্রণামি বাক্সও। তারপর ছোটো কালীমন্দিরে গিয়েও একই ঘটনা দেখতে পান। খবর চাউর হতেই এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে যায় সদাইপুর থানার পুলিশ। পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখাতে শুরু করেন গ্রামের বাসিন্দারা।

এই ঘটনার পর বৃহস্পতিবার সকাল থেকেই রানিগঞ্জ–মোরগ্রাম ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন গ্রামবাসীরা। গ্রামবাসীদের অভিযোগ, পুলিশি গাফিলতির ফলেই এত বড়ো ঘটনা ঘটেছে। পুলিশের তরফে রাতে মন্দির পাহারার জন্য দুজন সিভিক ভলান্টিয়ার নিয়োগ করা হয়েছিল। তারপরেও কীভাবে এই চুরির ঘটনা ঘটল, সেই নিয়েই প্রশ্ন তুলেছেন গ্রামবাসীরা। মন্দিরের ট্রাস্টি বোর্ডের তরফে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে সদাইপুর থানায়। সিদ্ধেশ্বরী মা কালীমন্দির বোর্ডের সেবাইত দেবাশিস আচার্য জানান, 'কালীপুজো উপলক্ষ্যে দুই বিগ্রহকে বিপুল পরিমাণ সোনার গয়না দিয়ে সাজানো হয়। কালীপুজোর দিন থেকে প্রতিমা নিরঞ্জনের সময় পর্যন্ত সেই গয়না থাকে। নিরঞ্জনের আগে তা খুলে নেওয়া হয়। কালীপুজো উপলক্ষ্যে মন্দিরের সামনে মেলা বসে। বুধবার সেখানে বাউল গানের আসরও ছিল। অনেক রাত পর্যন্ত চলছিল সেই অনুষ্ঠান। রাত ১টা নাগাদ সদাইপুর থানার ওসি এসে অনুষ্ঠান বন্ধ করে দেন। সেইসঙ্গে মেলার স্টলগুলোকেও বন্ধ করে দিতে বলা হয়। এই নিয়ে মেলা কমিটির লোকেদের সঙ্গে ওসির সামান্য বচসাও হয়।' অনুষ্ঠান ও দোকানপাট বন্ধ করে বাড়ি চলে যাওয়ার পরেই দুই মন্দিরে চুরি হয়েছে বলে অভিযোগ দেবাশিস আচার্যর। তাই পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। গ্রামবাসীরা দাবি জানান, অবিলম্বে দুষ্কৃতীদের গ্রেফতার করে চুরি যাওয়া গয়না ফেরত আনতে হবে।

এদিকে, এদিন চুরির প্রতিবাদে গ্রামের মহিলারা ৬০ নম্বর জাতীয় সড়কের উপর বসে পড়েন। ফলে রাস্তায় যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে সিউড়ি থেকে যায় বিশাল পুলিশবাহিনী। কিন্তু তারপরেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। রাস্তার মধ্যে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। সেইসঙ্গে ভাঙচুর করা হয় পুলিশের গাড়িতেও। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশের তরফে মাইকিং করে জানানো হয়, এই ঘটনার কিনারা করার জন্য একটি বিশেষ দল গঠন করা হয়েছে। এরপর অবরোধ উঠে যায়। পুলিশ সূত্রে খবর, সদাইপুর থানার ওসি রব খানকে তাঁর দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। সাসপেন্ড করা হয়েছে দুই সিভিক ভলান্টিয়ারকেও। যদিও এই বিষয়ে রব খান সংবাদমাধ্যমের সামনে কোনো মুখ খুলতে চাননি।

সরানো হল সদাইপুর থানার ওসি-কে

অন্যদিকে, এদিন আবার নতুন করে ঘট বসিয়ে দুই মন্দিরে পুজো করা হয়।

মানসিক ভারসাম্যহীনকে ধর্ষণ, ধৃত পুরোহিত

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ বৃহস্পতিবার কলকাতার দক্ষিণ শহরতলির বেহালা পর্ণশ্রী থানা এলাকায় এক মানসিক ভারসাম্যহীন তরুণীকে ধর্ষণের অভিযোগ উঠল পুরোহিতের বিরুদ্ধে। ঘটনাটি জানাজানি হতেই উত্তেজিত পরিজনরা পুরোহিতকে গণধোলাই দেয়। অভিযুক্ত পুরোহিতের নাম প্রশান্ত পাঠক (৫০)।

বেহালার পর্ণশ্রী থানার অজন্তা পুলিশ আবাসন চত্বরে থাকা একটি মন্দিরে পুজো করেন অভিযুক্ত পুরোহিত প্রশান্ত পাঠক। মন্দিরের পাশেই একটি বস্তিতে থাকেন মানসিক ভারসাম্যহীন ওই যুবতি। অভিযোগে প্রকাশ, বিগত বেশ কয়েকদিন ধরেই অন্তঃসত্ত্বা ওই তরুণীর শরীরে অস্বাভাবিক পরিবর্তন লক্ষ করেছিলেন বাড়ির লোকজন। তারপর তাঁরা নজর রাখতে শুরু করেন তরুণীর উপর। এরপরই এদিন সকালে মন্দিরের পিছনে ওই পুরোহিতকে তার দিদিকে শাসাতে দেখেন তরুণীর বোন। তখনই তাকে জিজ্ঞাসাবাদ করলে সমস্ত ঘটনা সামনে আসে। ঘটনা জানাজানি হয়ে গেলে নির্যাতিতার বাড়ির লোকজন গিয়ে পুরোহিতের উপর চড়াও হন। খবর পেয়ে পর্ণশ্রী থানার পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে এবং গ্রেফতার করে।

সমকামিতা নিয়ে চলচ্চিত্র

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ নভেম্বর ঃ আর মাত্র একটি দিন। শারদোৎসবের রেশ না মিলতেই কলকাতায় সপ্তাহব্যাপী আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হতে চলেছে। এবার প্রদর্শিত ছবিগুলির মধ্যে উল্লেখযোগ্য সমকামিতা নিয়ে নতুন ধারার কেনিয়ার চলচ্চিত্র 'রফিকি'। সম্পর্কের ওঠাপড়া নিয়ে 'দ্য ন্যাচারালি ওয়ান্টন প্লেজার্স অফ স্কিন', 'টাচ মি নট' ইত্যাদি। বিদেশি ভাষার বিভাগে অন্যতম আকর্ষণীয় ছবি 'দ্য ম্যান হু কিল্‌ড ডন কুইকজোট'। এবার চলচ্চিত্র উৎসবে থাকবে তরুণ বাঙালি পরিচালক আদিত্য বিক্রম সেনগুপ্তের ছবি 'জোনাকি'। বাংলা ছবির শতবার্ষিকী উপলক্ষ্যে এবার বিশেষ অনুষ্ঠান থাকবে। ২০০২ সালে গুজরাটের আমেদাবাদে গুলবার্গ সোসাইটির মর্মান্তিক ঘটনা অবলম্বনে 'মেমোরিজ অফ সাইরা অ্যান্ড সলিম'ও প্রদর্শিত হবে এবার।

কিশোরীর দেহ উদ্ধার

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ বৃহস্পতিবার সকালে উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের অন্তর্গত আগরপাড়া স্টেশন লাগোয়া একটি পুকুর থেকে এক কিশোরীর মৃতদেহ উদ্ধারকে ঘিরে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। খড়দহের বাসিন্দা ১৫ বছরের ওই কিশোরী বুধবার রাতে বন্ধুদের সঙ্গে ঠাকুর দেখতে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। পরিবারের তরফে খড়দহ থানায় একটি নিখোঁজ ডায়ারি করা হয়েছিল। এরপর বৃহস্পতিবার সকালে আগরপাড়া স্টেশনের ৫ নম্বর রেলগেটের কাছে তার একজোড়া জুতো ও মোবাইল ফোনটি পড়ে থাকতে দেখা যায়। এরপর ওই স্টেশন লাগোয়া একটি পুকুরে ডুবুরি নামিয়ে তল্লাশি চালিয়ে ওই কিশোরীর মৃতদেহ উদ্ধার করা হয়। অভিযোগে প্রকাশ, গতরাতে ঠাকুর দেখতে বেরোনোর সময় ওই কিশোরীর মোবাইলে এক পুরুষ বন্ধুর ফোন আসলে সে তড়িঘড়ি চলে যায়। মৃতার পরিবারের দাবি, ওই যুবকের সঙ্গে দীর্ঘদিন ধরে কিশোরীর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। পুলিশ দেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে এবং গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

রূপান্তরকামী মানবী বন্দ্যোপাধ্যায় যৌনকর্মীদের বোনফোঁটা দিচ্ছেন। বৃহস্পতিবার কলকাতায় রাজীব মণ্ডলের তোলা ছবি।

ভাইফোঁটার আগে কলকাতায় চলছে মিষ্টি কেনাকাটা।

ইউজিসির নির্দেশ
ছাত্রছাত্রীদের মার্কশিট আটকে রাখা যাবে না

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবার দেশের সব কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিকে নির্দেশ দিয়েছে, কোনোভাবেই কোনো ছাত্র বা ছাত্রীর মার্কশিট আটকে রাখা যাবে না। ছাত্রছাত্রী যদি কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ভরতি হওয়ার পর অন্যত্র ভরতি হতে তাদের কোনো আগের ভরতি প্রত্যাহার করে নেওয়ার জন্য আবেদন জানান, তবে ভরতির সময় তাঁদের জমা দেওয়া অর্থের পুরোটাই আগের কলেজ বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ফেরত দিতে হবে। জমা অঙ্কের টাকা কোনোভাবে কেটে নেওয়া যাবে না। ভরতির সময় ছাত্রছাত্রীদের কোনো প্রসপেক্টাস কিনতে বাধ্য করা যাবে না। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন গৃহীত অন্য বহু সিদ্ধান্ত বা নির্দেশিকার বিরোধিতা করে আসলে উপরোক্ত তিন নির্দেশিকাকে স্বাগত জানিয়েছে রাজ্য সরকার। এদিন ওই ব্যাপারে রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় বলেন, যা ব্যবস্থা নেওয়া হয়েছে তা ঠিকই আছে। টাকা ফেরত দেওয়ার ব্যাপারটা আগেই চালু করা হয়েছিল। বাকি দুটো বিষয় ঠিকই আছে। অপরদিকে, কলকাতা বিশ্ববিদ্যালয় এবার স্থির করেছে, স্নাতক স্তরের পরীক্ষায় যেমন অন্য কলেজে সিট পড়ে থাকে তেমনই স্নাতকোত্তর স্তরেও এবার থেকে অন্যত্র পরীক্ষা দিতে হবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহের নিয়ামকের মতে, এতে পরীক্ষায় স্বচ্ছতা বজায় থাকবে।

অঙ্গ প্রতিস্থাপন

কলকাতা, ৮ নভেম্বর ঃ কলকাতায় ফের অঙ্গ প্রতিস্থাপন। এবার নয়া রেকর্ড রাজ্যের। প্রতিবন্ধীর অঙ্গ প্রতিস্থাপন করা হল কলকাতার একটি বেসরকারি হাসপাতালে। মানসিকভাবে প্রতিবন্ধকতার শিকার দেবলিনা ঘোষ (২৫)–এর ব্রেন ডেথ হয় বুধবার সন্ধ্যায়। চিকিৎসকদের অক্লান্ত পরিশ্রমের পর সোনারপুরের দেবলিনার হৃদপিণ্ড, কিডনি, যকৃত, কর্নিয়া, ত্বক প্রতিস্থাপন করা হয়। চিকিৎসকরা জানান, দেবলিনার মাথায় জল জমে ছিল। জল বের করার চেষ্টাও চলে কিন্তু শেষপর্যন্ত বাঁচানো যায়নি। তাই ওর মা–বাবার সম্মতিতেই দেবলিনার অঙ্গ সংগ্রহ এবং প্রতিস্থাপন করা হয়।

বাড়িতে আগুন

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ বৃহস্পতিবার সকালে উত্তর ২৪ পরগনার আমডাঙার বহিচগাছি গ্রামের বাসিন্দা এক সিপিএম কর্মীর বাড়িতে হঠাৎই আগুন ধরে যায়। আগুনে বাড়িটি পুরোপুরি ভস্মীভূত হয়ে যায়। সিপিএমের পক্ষ থেকে অভিযোগ করা হয় যে তৃণমূল কর্মীরাই ওই বাড়িটিতে আগুন ধরিয়ে দিয়েছে। পুলিশের সন্দেহ, শরিকি বিবাদের দরুনই বাড়িটিতে আগুন দেওয়া হয়েছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে ওই অগ্নিকাণ্ডের নেপথ্যে সিপিএমের গোষ্ঠীদ্বন্দ্বকে দায়ী করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার সারাদিনই ব্যাপক উত্তেজনা চলেছে বহিচগাছি গ্রামে। গণ্ডগোল এড়াতে সেখানে পুলিশ পিকেট বসানো হয়েছে।

তোলাবাজিতে ধৃত

কলকাতা, ৮ নভেম্বর ঃ বৃহস্পতিবার দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর থানার পুলিশ তোলাবাজির অভিযোগে গ্রেফতার করল এক যুবককে। মুকুন্দপুর দাসপাড়া এলাকা থেকে গ্রেফতার হওয়া ওই যুবকের নাম বিনোদ পাটোয়ারি। এলাকায় কুখ্যাত দুষ্কৃতী বলে পরিচিত ওই যুবকের বিরুদ্ধে একাধিক তোলাবাজির অভিযোগ রয়েছে। দীর্ঘদিন ধরেই তাঁর খোঁজ করছিল পুলিশ। গোপনসূত্রে খবর পেয়ে তাঁকে গ্রেফতার করা হয়। উদ্ধার হয়েছে একটি ওয়ান শটার ও কার্তুজও।

উর্দিধারীদের উদ্দাম নাচ হাওড়ায়, বিতর্ক

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ নভেম্বর ঃ পুলিশের উর্দিধারীদের উদ্দাম নৃত্যে মাতোয়ারা হাওড়া। সঙ্গে শুরু হয়েছে বিতর্কও। কালীপুজোয় হাওড়া পুলিশ লাইনে জনপ্রিয় হিন্দি গানের সঙ্গে উর্দিধারী পুলিশকর্মীদের উদ্দাম এই নৃত্য ভাইরাল হওয়ায় গুঞ্জন উঠেছে বিভিন্ন মহলে। নারী–পুরুষ নির্বিশেষে উর্দিধারীরা যেভাবে নেচেছেন, এতে ক্ষুব্ধ পুলিশের একাংশ। আইনশৃঙ্খলা রক্ষার ভার যাঁদের, উর্দি পরা অবস্থায় এই নৃত্য করা উচিত ছিল কিনা, তা নিয়ে বিতর্ক এখন তুঙ্গে। চাপে পড়ে পুলিশ কর্তৃপক্ষ বিষয়টি খতিয়ে দেখছেন বলে জানা যায়। অন্যদিকে, সদ্য উদ্বোধন হওয়া দক্ষিণেশ্বরের অত্যাধুনিক স্কাইওয়াক নোংরা করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। মন্দির দর্শন করতে এসে গুটখা, পানের পিক ফেলছে স্কাইওয়াকে। মন্দির কর্তৃপক্ষ স্কাইওয়াক নোংরা করলে জরিমানা জারির হুঁশিয়ারি দিলেও অনেকেরই কোনো হেলদোল নেই।

তিনদিনে মৃত দুই, আশঙ্কা ডেঙ্গুর

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ যাদবপুরের ৯৩ নম্বর ওয়ার্ডে গত তিনদিনে মৃত্যু হল দুজনের। এই ঘটনাকে কেন্দ্র করে বিক্ষোভ দেখায় প্রিন্স গোলাম শাহ রোডের বেঙ্গল ল্যাম্প এলাকার বাসিন্দারা। মৃতরা হলেন বিনোদ চৌধুরি (৪৮) ও দিশা বর্মন (২৮)। দুজনেই জ্বর নিয়ে স্থানীয় হাসপাতালে ভরতি হন। সেখানেই তাঁদের মৃত্যু হয়। এছাড়া ওই এলাকার অনেকেই জ্বরে ভুগছেন। স্থানীয় মানুষের দাবি, বিনোদ ও দিশার মৃত্যু হয়েছে ডেঙ্গুতেই। এলাকাবাসীদের জ্বর ও দুজনের মৃত্যুর খবর পেয়ে পুরসভার কর্মীরা সেখানে ব্লিচিং ছড়াতে এলে স্থানীয় মানুষের বিক্ষোভের মুখে পড়তে হয় তাঁদের। স্থানীয় কাউন্সিলার রতন দে ঘটনাস্থলে গিয়ে নিয়মিত সাফাই অভিযান চালানোর আশ্বাস দেওয়ায় বিক্ষোভ উঠে যায়।

স্বামীর পরকীয়া জানতে পেরে যাওয়ায় স্ত্রীকে খুন

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ স্বামীর বিবাহবহির্ভূত সম্পর্কের কথা জানতে পেরেই খুন হতে হল স্ত্রীকে। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর থানার বাখরাহাট রোডে। গত ৭ বছর আগে সেখানকার বাসিন্দা অভিজিৎ চড়ুইয়ের সঙ্গে প্রেম করে বিয়ে হয় মৌসুমির। মৌসুমির পরিবারের দাবি, বিয়ের পর থেকে তাদের মধ্যে সামান্য কারণে অশান্তি লেগেই থাকত। তাঁদের একটি কন্যাসন্তানও রয়েছে। পঞ্চায়েতের মাধ্যমে এর আগে বহুবার তাদের অশান্তি মেটানোর চেষ্টা করা হলেও কোনো ফল হয়নি। সম্প্রতি মৌসুমি স্থানীয় এক মহিলার সঙ্গে অভিজিতের বিবাহবহির্ভূত সম্পর্কের কথা জানতে পারেন। এর পর থেকে অশান্তি আরও চরমে ওঠে। স্থানীয় সূত্রে খবর, বুধবার অভিজিৎ বেধড়ক মারধর করে মৌসুমিকে। প্রতিবেশীরা তাঁকে উদ্ধার করে আমতলা গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৌসুমির পরিবার বিষ্ণুপুর থানায় তার শ্বশুরবাড়ির ৪ জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে। সেই অভিযোগের ভিত্তিতেই তাঁর স্বামী ও শাশুড়িকে গ্রেফতার করেছে বিষ্ণুপুর থানার পুলিশ। বাকি ২ জন বর্তমানে পলাতক।

অস্বাভাবিক মৃত্যু

কলকাতা, ৮ নভেম্বর (সংবাদ) ঃ উত্তর ২৪ পরগনায় বৃহস্পতিবার দুটি পৃথক জায়গা থেকে উদ্ধার হয় দুটি মৃতদেহ। প্রথমটি বসিরহাটের বাদুড়িয়া থানার অন্তর্গত জগন্নাথপুর গ্রামে এবং অন্যটি দমদমে। এদিন ভোরে বসিরহাটে শিয়ালদা–হাসনাবাদ শাখার চাঁপাপুকুর স্টেশনের রেললাইনের ধার থেকে উদ্ধার হয় এক কিশোরীর মৃতদেহ। তার নাম ইসমাতারা খাতুন (১৬)। পরিবার সূত্রে খবর, মাধ্যমিক পরীক্ষার্থী ইসমাতারা একটি যুবকের সঙ্গে সম্পর্কে দীর্ঘদিন জড়িত ছিল। সম্প্রতি ওই সম্পর্কটি ভেঙে যাওয়ায় সেও মানসিকভাবে মুষড়ে পড়েছিল। বুধবার ভোরবেলা সে পড়তে যাওয়ার নাম করে বাড়ি থেকে বের হয়, আর ফেরেনি। এদিন সকালে ৩৫ নম্বর রেলগেটের সামনে চাঁপাপুকুর রেললাইনের ধার থেকে তার মৃতদেহ উদ্ধার হয়।

অন্যদিকে, এদিন সকালে দমদম স্টেশনের পাশ থেকে উদ্ধার হয় এক যুবকের পা বাঁধা দেহ। মৃতের নাম সুশান্ত গুহ।

তৃণমূল কার্যালয়ে পেট্রোল বোমা ছোড়ার অভিযোগ

বর্ধমান, ৮ নভেম্বর ঃ বুধবার গভীর রাতে পূর্ব বর্ধমানের গলসির পুরসার তৃণমূল কংগ্রেস কার্যালয়ে পেট্রোল বোমা ছুড়ে আগুন লাগানোর অভিযোগ উঠল দুষ্কৃতীদের বিরুদ্ধে। একটি লাল রংয়ের চার চাকা গাড়িতে দুষ্কৃতীরা এসেছিল। ঘটনার পর থেকে উত্তেজনা ছড়ায় এলাকায়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তৃণমূলের কার্যালয়ে হামলা চালানোর ঘটনা জানাজানি হতেই বৃহস্পতিবার সকাল থেকে উত্তপ্ত হয়ে ওঠে পুরসা এলাকা। এদিন সকালে স্থানীয়রা পারাজ স্টেশন রোড মোড় এলাকায় একটি ধাবার সামনে লাল রংয়ের একটি গাড়ি দাঁড়িয়ে থাকতে দেখেন। দেখা যায় গাড়ির ভিতরে পেট্রোল ভরতি বোতল ও দেশলাই পড়ে রয়েছে। এতেই ক্ষিপ্ত গ্রামবাসীরা গাড়ি ঘিরে রেখে ওই ধাবায় চড়াও হয়ে ধাবায় ভাঙচুর চালায়। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে ও গাড়িটি থানায় নিয়ে যায়।

স্থানীয়রা জানিয়েছে, বুধবার রাত দুটো নাগাদ লাল রংয়ের ওই গাড়িটি কয়েকবার তৃণমূলের দলীয় কার্যালয়ের সামনে ও তৃণমূল সভাপতি চাঁদ মহম্মদ মণ্ডলের বাড়ির সামনে ঘোরাঘুরি করছিল। এর কিছুক্ষণের মধ্যেই স্থানীয় আস্পিয়া মোল্লা দেখতে পান তৃণমূল কার্যালয়ে আগুন জ্বলছে এবং লাল রংয়ের গাড়িটি সেখান থেকে বেরিয়ে যাচ্ছে। মোল্লা পরিবারের সদস্যরা গাড়িটি লক্ষ করে একটি বাঁশ ছুড়ে মারেন। বাঁশের আঘাতে গাড়িটির বাম দিকের কাচ আংশিক ভেঙে যায়।

গ্রামবাসীদের দাবি, ধাবার সামনে যে গাড়িটি দাঁড়িয়ে ছিল সেটি দুষ্কৃতীদের। চাঁদ মহম্মদ মণ্ডল জানিয়েছেন, আগুনে পার্টি অফিসের চেয়ার পুড়ে গলে গিয়েছে। তাছাড়া মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি সহ ফেস্টুন ও অন্য সামগ্রী পুড়ে নষ্ট হয়েছে। তাছাড়া তাঁর বাড়ি লক্ষ্য করে পেট্রোল বোমা ছোড়ায় বাড়ির দুটি জানালার কাচ ভেঙে গিয়েছে। জেলার অতিরিক্ত পুলিশ সুপার প্রিয়ব্রত রায় জানান, কোনো বোমা ছোড়ার ঘটনা ঘটেনি। দুষ্কৃতীরা পেট্রোল ছিটিয়ে পার্টি অফিসে আগুন লাগিয়ে দেয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

মুকুল রায়ের বিরুদ্ধে এফআইআর

পুরুলিয়া, ৮ নভেম্বর ঃ বিজেপি নেতা মুকুল রায়ের বিরুদ্ধে পুরুলিয়ার বলরামপুর থানায় এফআইআর দায়ের করলেন জেলার ডিএম ও এসপি। বুধবার দায়ের হওয়া এই এফআইআর–এ মুকুল রায়ের বিরুদ্ধে সম্মানহানি করার অভিযোগ আনা হয়। গত ২ নভেম্বর পুরুলিয়ার বলরামপুরে বিজেপির একটি জনসভায় বক্তৃতা দিতে গিয়ে মুকুল রায় পুরুলিয়ার জেলাশাসক অলকেশপ্রসাদ রায় এবং পুলিশ সুপার আকাশ মাঘারিয়াকে তৃণমূলের পদলেহনকারী বলে নিন্দা করেন। পঞ্চায়েত নির্বাচনের প্রসঙ্গ তুলে তিনি বলেন, বিজেপি বহু আসন পেলেও এই দুই সরকারি কর্তার বদান্যতায় তৃণমূল একচেটিয়াভাবে পঞ্চায়েতে বোর্ড গঠন করছে। এ বিষয়ে অবশ্য তখন কোনো মন্তব্য করতে চাননি জেলাশাসক। তবে পুলিশ সুপার আকাশ মাঘারিয়া বলেন, বলরামপুরের সভায় মুকুলবাবু তাঁদের নাম করে অপবাদ দিয়েছিলেন। তাই অভিযোগ দায়ের করা হয়েছে। জেলা তৃণমূলের সভাপতি শান্তিরাম মাহাতো বলেন, সঠিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কাউকে ব্যক্তিগত আক্রমণ করা ঠিক নয়। অন্যদিকে, জেলা বিজেপি সভাপতি বিদ্যাসাগর চক্রবর্তী বলেন, এফআইআর দায়ের নতুন কিছু নয়। এসবে তাঁরা ভয় পান না। রাজ্য সরকার বিজেপিকে ঠেকাতে চাইছে। এর বিরুদ্ধে রাজনৈতিকভাবে লড়াই চালানো হবে।

আক্রান্ত পুলিশ

কলকাতা, ৮ নভেম্বর ঃ শব্দবাজি রুখতে অভিযান চালাতে গিয়ে আক্রান্ত হল কলকাতা পুলিশ। সুপ্রিমকোর্ট সময়সীমা বেঁধে দেওয়ার পরেও শব্দবাজি ফাটানো হচ্ছিল। সেই সময় অভিযান চালাতে গিয়ে বৃহস্পতিবার কলকাতার ভবানীপুর ও নিউ মার্কেট এলাকায় আক্রান্ত হয় পুলিশ। ৪ জনকে গ্রেফতার করা হয়েছে।

কলকাতায় অন্নকূট উৎসব। ছবি ঃ রাজীব মণ্ডল

আজও পৈড়ান উৎসবে মাতেন জঙ্গলমহলবাসী

চিত্ত মাহাতো ● ঝাড়গ্রাম

৮ নভেম্বর ঃ জঙ্গলমহলের প্রাচীন লোক উৎসবগুলির মধ্যে অন্যতম পৈড়ান। এই উৎসব মূলত কৃষি সংস্কৃতির সঙ্গে জড়িত। কালীপুজোর পরের দিন অর্থাৎ কার্তিক মাসের শুক্লা প্রতিপদে প্রায় সব গৃহস্থ কৃষক পরিবারে এই অনুষ্ঠান হয়। সেইমতো বৃহস্পতিবার সকাল থেকেই কৃষক পরিবারগুলিতে উৎসবের প্রস্তুতি শুরু হয়ে যায়।

বিশেষ করে সম্পন্ন কৃষক পরিবারের বাড়ির সম্মুখভাগে সকালের দিকে পৈড়ান (পাটের গোছাকে চুলের বিনুনির মতো করে) পোঁতা হয়। তার আগে নানারকম ফুল ও পিটুলি বাটা (পিঠে জাতীয়) দিয়ে সাজানো হয়। অনেকটা লম্বা পাটের গোছাকে চুলের বিনুনির মতো করে এবং সেটাকে মাথার দিকে গোলা করে মাটির নীচে ফুট তিনেক গর্ত করে পোঁতা হয়। কোথাও কোথাও পাশাপাশি দুটো ছোটো গর্ত আরেকটি চওড়া গর্ত করা হয়। তারপর চওড়া গর্তের ভিতর দিয়ে শক্ত কাঠের খিল ঠুকে ঠুকে মাটির নীচ দিয়ে ছোটো গর্তের দিকে দেওয়া হয়। এরপর ছোটো গর্তেই কাঠের খিলের সঙ্গে পাটের বিনুনি করা মোটা দড়ি বাঁধা হয় এবং গর্তগুলো বোজানো হয়। বিকেলে গ্রামের যুবক ও খেতমজুররা শালবল্লা বা শক্ত বাঁশের সাহায্যে পাটের বিনুনিকে মাটির তলা থেকে তোলেন। সেইসময় নানা বাদ্যযন্ত্র বাজানো হয় (কাড়ানাকাড়া, মাদল, ঢোল), সেইসঙ্গে চলতে থাকে কুয়াকুলি(ঠোঁটে আঙুল দিয়ে যে আওয়াজ করা হয়)। যাঁরা পৈড়ান তোলেন তাঁদের জন্য পুরস্কারের ব্যবস্থা থাকে, যার বেশিরভাগটা খাদ্যদ্রব্য। আগে কোনো কোনো সম্পন্ন কৃষক পুরস্কার হিসেবে খাসি দিতেন। আবার বিনুনি ছিঁড়ে গেলে যিনি পৈড়ান পুঁতেছেন তিনি অন্যদের খাওয়াতেন। তবে এখন উৎসবের ধরন অনেকটাই বদলেছে। এখন পাটের পরিবর্তে কোথাও কোথাও বাঁশের কঞ্চি বা বনের শক্ত লতা ব্যবহার করা হয়। এখন গ্রামের মোড়ে মোড়ে যুবকরা নিজেরাই পৈড়ান পোঁতেন এবং তোলেন। গ্রামবাসীদের কারও কারও মতে পৈড়ান বলিদৈত্যরাজ পুজোর অঙ্গ। ঝাড়গ্রাম ব্লকের পাটাশিমুল অঞ্চলের রাধাগোবিন্দ গ্রামের বাসিন্দা সুদীপকুমার খাঁড়া বলেন, 'এদিন সকাল থেকে এই উৎসবে সকলে মেতে উঠেছেন ঠিকই, তবে আমাদের নব প্রজন্ম অনেকটাই মুখ ফিরিয়েছে।'



মাটি থেকে পৈড়ান তোলা হচ্ছে। –সংবাদচিত্র